

১৬/০৪/০৭

তারিখ - 25 APR 2007 ...  
পৃষ্ঠা - ৪৫ কলাম - ১

সালাহউদ্দিন মো. রেজা

নগরীতে গড়ে উঠছে আন্তর্জাতিক মানের উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান এশীয় মহিলা বিশ্ববিদ্যালয় বা এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন (এইউডব্লিউ)। দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং মধ্যপ্রাচ্যের মেয়েদের শিক্ষা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের জাতীয় সংসদে এশিয়ান মহিলা বিশ্ববিদ্যালয় নির্মাণের বিশেষ বিল পাস করা হয়। এ বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশী মেয়েদের জন্য শতকরা ২৫ ভাগ কোটা সংরক্ষিত রাখার প্রস্তাব রয়েছে।

প্রাকৃতিক সৌন্দর্যের নগরী চট্টগ্রাম মহানগরীর উত্তর পাহাড়তলী এলাকার পাহাড়ি, ঢিলা ও সমতল ভূমির অব্যবহৃত অংশে আন্তর্জাতিকমানের নকশায় গড়ে তোলা হচ্ছে এইউডব্লিউ। সরকার উত্তর পাহাড়তলী মৌজার ১০৪ একর পাহাড়ি ও সমতল ভূমি এইউডব্লিউ প্রতিষ্ঠার জন্য প্রদান করেছে। কানাডার বিখ্যাত স্থাপত্য শিল্পী নোসেভ সাফতি এইউডব্লিউর ক্যাম্পাসের নকশা করেছেন। পুরো ক্যাম্পাস নির্মিত হলে শিক্ষার্থীদের একাডেমিক ভবন,

আবাসিক ভবন এবং শিক্ষার্থীদের অন্যান্য কর্মকাণ্ডের জন্য ১৪ লাখ বর্গফুট আয়তনের ভবন নির্মিত হবে। প্রায় ৩ হাজার শিক্ষার্থী এ বিশ্ববিদ্যালয়

একাডেমিক কর্মকাণ্ডে প্রাথমিকভাবে শুরু করার স্বেচ্ছাচরিতা রয়েছে। এইউডব্লিউ এতদঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানের মডেল হিসেবে গড়ে উঠবে।

শিক্ষা কার্যক্রম শেষ করতে প্রত্যেক ছাত্রীর পরিবারের পক্ষ থেকে বিরাট অঙ্কের টাকা প্রদান করতে হবে। এইউডব্লিউ-এর আর্থিক সংস্থানের জন্য বিশ্বের বেশ কয়েকটি ফাউন্ডেশন ও

# এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন

## নারী শিক্ষায় নেবে অগ্রণী ভূমিকা

পড়ার সুযোগ পাবে এবং এর জন্য প্রায় ৩ হাজার ফ্যাকাল্টি খোঁজা থাকবে। এইউডব্লিউ-এর নির্মাণ ব্যয় ধরা হয়েছে প্রায় ১৬ কোটি ডলার। আগামী ৭ বছরে এইউডব্লিউ নির্মাণের টার্গেট ধরা হয়েছে। ইতিমধ্যে এইউডব্লিউর কাজ শুরু হয়েছে। আগামী বছরের মার্চ মাসে


একই সাথে নারী শিক্ষা, দক্ষতা, জ্ঞান, বিজ্ঞান এবং নারী নেতৃত্ব গড়ে তোলার ক্ষেত্রে বিরাট ভূমিকা পালন করবে বলে এইউডব্লিউ-এর স্থানীয় কর্মকর্তা সূত্রে জানা যায়। এ বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য যোগ্য ছাত্রীরা আর্থিক সহায়তা পাবার পরও

প্রতিষ্ঠান ইতিমধ্যে তাদের ঘোষণা দিয়েছে। ইতিমধ্যে আমেরিকার বোর্টনে এইউডব্লিউ সাপোর্ট ফাউন্ডেশনের অফিস স্থাপন করা হয়েছে। বিশ্ববিখ্যাত সফটওয়্যার ব্যবসায়ী বিল গেটস তার বিল ওভ মেলিনডা গেটস ফাউন্ডেশন ১৫ মিলিয়ন ডলার গোষ্ঠ্যমান সাহ

ফাউন্ডেশন ১ দশমিক ৪ মিলিয়ন ডলার, ওপেন সোসাইটি ইনস্টিটিউট ১ দশমিক শূন্য পাঁচ মিলিয়ন ডলার এবং ইউএসএইড ১ মিলিয়ন ডলার প্রদানের ঘোষণা দিয়েছে।

এইউডব্লিউ-তে থাকছে ৩ বছরের আভ্যাক্সিয়েন্ট এবং ২ বছরের গ্যাজুয়েশন প্রোগ্রাম। গ্যাজুয়েশন প্রোগ্রামের মধ্যে রয়েছে বিএ/এমএ। এছাড়া ইংরেজি, গণিত ছাড়াও কম্পিউটার প্রোগ্রাম থাকবে। প্রত্যেক ছাত্রকে এশিয়ান বিভিন্ন দেশে বড় প্রতিষ্ঠানের ১ বছরের ইন্টার্নশিপ করতে হবে।

এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন-এর ডিভাইন কো-অর্ডিনেটর স্থপতি জেরিনা হোসেন বলেন, মহিলাদের আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা প্রদানের মাধ্যমে নারী পিডারশীপ গড়ে তোলার লক্ষ্য নিয়ে এইউডব্লিউ গড়ে উঠছে। তিনি বলেন, এইউডব্লিউ-এর শতকরা ৫০ভাগ ছাত্রীকে বিনামূল্যে শিক্ষা প্রদান করা হবে। এই ৫০ ভাগ গরীর মেথারী শিক্ষার্থী বাছাই করার জন্য নির্দিষ্ট কনিট কাজ করবে। আজ ২৫ এপ্রিল ঢাকায় এইউডব্লিউ এর উপর এক সেমিনার অনুষ্ঠিত হওয়ার কথা। □



প্রস্তাবিত এশিয়ান উইমেন ইউনিভার্সিটির মাস্টার প্ল্যান